

হাসে কাঁদে নাচে গায় হাতে দিয়া তালি।
 ক্ষণে ক্ষণে লক্ষ্য দেয় দুই বাহু তুলি'।।
 ডেকে বলে ভক্তগণে 'আমি তো দুর্ভাগা।
 তোমাদের ভক্তি জোরে আসিবে সে জগা।।
 উৎকলেতে থাকে জগা বড়ই দয়াল।
 চলে না জগার রথ না গেলে কাঙ্গাল।।
 কাঙ্গালের বন্ধু জগা কাঙ্গালের বন্ধু।
 জগা বাসো এবার তরা'বে ভবসিন্ধু।।
 যাইতে ছিলাম ক্ষেত্রে জগারে আনিতে।
 পথ মাঝে দৈববাণী হইল দৈবেতে।।
 জগা-বাসো দুইজন উঠিবে সে রথে।
 দেখিব যুগলরূপ বাসনা মনেতে।।'
 ব্রাহ্মণেরা শালখাম উঠাইয়া রথে।
 রথযাত্রা নিবর্বাহ করিত বিধিমতে।।
 অদ্য তারা বাসুদেবে রথে উঠাইয়া।
 নির্বাহ করিল সুখে রথযাত্রা ক্রিয়া।।
 দ্বিজদের রথযাত্রা সকালে হইল।
 বৈকালে কান্তের রথে বাজার মিলিল।।
 বহু লোক সমারোহ হৈল সেই রথে।
 এতলোক হইল ধরে না বাজারেতে।।
 খাদ্যবস্তু বাদ্যবস্তু শিল্প পুস্তলিকা।
 ক্রয় করে যুবা-বৃদ্ধ বালক-বালিকা।।
 কুস্তকার মৃন্ময় পাত্র মৃন্ময় ছবি।
 চিত্র-ঘট চিত্র-পট চিত্র দেব-দেবী।।
 কেনাবেচা হয় কত কে করে গণন।
 স্থানে স্থানে হয় হরিনাম সংকীর্তন।।
 অপরাহ্ন হ'ল দিবা যামেক থাকিতে।
 ব্রাহ্মণেরা দেখে বাসুদেব নাই রথে।।
 বৈরাগীর বংশ রথে বাসুদেবোদয়।
 সব লোকে তাহা দেখি মানিল বিস্ময়।।
 তাহা দেখি রামকান্ত কেঁদে কেঁদে কয়।
 'বাসু এল বাঁশো-রথে জগা এলে হয়।।

দেখরে জগৎবাসী! দেখ দাঁড়াইয়া।
 বাসুদেব রথযাত্রা দেখ রে চাহিয়া।।
 মোর বাসু রথে সাজে নবজনধর।'
 বলিতে বলিতে স্বেদকম্প থর থর।।
 রথের উপরে উঠি মনের হরিষে।
 রামকান্ত বাসুদেবে কোলে করি বসে।।
 হেনকালে এল কোলে প্রভু জগন্নাথ।
 দুই প্রভু দুই কোণে চলে যায় রথ।।
 কেহ বলে 'রথের হইল একটান'।
 কেহ বলে 'কে টানিল চলে রথখান'।।
 মুহূর্তেক চলি রথ হইল সুস্থির।
 ভূমিতে নামিল কান্ত চক্ষে বহে নীর।।
 প্রেমে গদ গদ হ'য়ে রামকান্ত কয়।
 'দেখরে নগরবাসী! দিন ব'য়ে যায়।।
 দেখ দেখ চেয়ে দেখ যত ভক্তগণ।
 জগা-বাসো এক রথে অপূর্ব মিলন।।'
 প্রেমাবেশে ধরায় দিতেছে গড়াগাড়ি।
 কি ধরে টানিব রথ রথে নাই দড়ি।।
 'জগা-বাসো মিলন দেখিল সর্বলোক।
 এই তো বৈকুণ্ঠ মম এই তো গোলোক।।
 জগা বাসো দুইজন একত্র মিলন।
 এ মোর মথুরাপুরী এই বৃন্দাবন'।।
 কতদূর দূরে গিয়া রামকান্ত কয়।
 'টানিতে নারিব রথ তোরা চ'লে আয়।।
 বলিতে বলিতে ঘর্ ঘর্ শব্দ হয়।
 কেহ না টানিল রথ বেগে চলে যায়।।
 আশ্চর্য্য মানিয়া সবে ভক্তিযুক্ত হ'য়ে।
 একদৃষ্টে রথপানে সবে রৈল চেয়ে।।
 লোকে ভিড় নিকটে না সবে যেতে পারে।
 কেহ কেহ দূরে থেকে রথ দৃষ্টি করে।।
 কোন কোন ভাগ্যবান করে দরশন।
 জগন্নাথ বাসুদেবের যুগল মিলন।।